

সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য সম্পাদকমন্ডলীর
পক্ষ থেকে নিম্নলিখিত বিবৃতি দেয়া হয়েছে :

তারিখ- ১৩-১২-২০১৮

গত ১১ ডিসেম্বর দেশের পাঁচটি রাজ্যের বিধানসভা নির্বাচনের ভেটি গণনার ফল ঘোষণার পর রাজ্যের কয়েকটি স্থানে শাসক দল বি জে পি আশ্রিত সমাজদ্রোহীরা বিক্ষিপ্ত ভাবে ফের ফ্যাসিষ্ট সুলভ আক্রমণ সংগঠিত করেছে। ১১ ডিসেম্বর সন্ধ্যায় বিশালগড় মহকুমার চড়িলামে সি পি আই (এম) লোক্যাল কমিটির বদ্ধ অফিসটি বি জে পি'র মঞ্চল কমিটির সভাপতির নেতৃত্বে দুর্বৃত্তরা আক্রমণ করে আসবাবপত্র ভাঙচুর করে আগুন ধরিয়ে দেয়। গত রাত ১২টা নাগাদ বি জে পি'র দুর্বৃত্তরা সদরের মলয়নগরে সি পি আই (এম) অফিস আক্রমণ করে প্রথমে টেলিভিসন সেট, চেয়ার-টেবিল সহ সমস্ত আসবাব ভাঙচুর করে, এর পর অফিসটিতে আগুন ধরিয়ে দেয়।

গত রাত সাড়ে ১২টা নাগাদ বিলেনীয়ার সাতমুড়ায় সি পি আই (এম) কর্মী কৃষ্ণ শীলের বাড়িতে আগুন লাগানো হয়। আগুনে সমস্ত মূল্যবান জিনিসপত্র সহ ওটি ঘর সম্পূর্ণ ভষ্মীভূত হয়, গরু, ছাগল, হাঁস, পায়রা ইত্যাদি পশু-পাখী পর্যন্ত পুড়ে মারা যায়।

গত রাতের তুর্কিলির মহেশখলায় সি পি আই (এম) লোক্যাল কমিটি সদস্য স্বপ্না ভৌমিকের বাড়িতে ইট-পটেকেল নিক্ষেপ করা হয়।

গত দু'দিনে শান্তিরবাজার মহকুমায় ৩ জন সি পি আই (এম) কর্মীকে বি জে পি'র দুর্বৃত্তরা মারপিট করে আহত করে

এসব গুরুতর আক্রমণের ঘটনায় পুলিশ একজন আক্রমণকারীকেও এখনও পর্যন্ত গ্রেপ্তার করেনি।

রাজ্য বিধানসভা নির্বাচনে সবগুলো রাজ্যেই বি জে পি'র পরাজয়ের পরও এ দলের নেতা-কর্মীদের সশস্ত্র মেরুনি। গত মার্চ মাস থেকে রাজ্যে যে বেপারেরা ফ্যাসিষ্ট সুলভ আক্রমণ চালাচ্ছে তা বন্ধ করার কোন লক্ষ্য দেখা যাচ্ছে না। সংবাদ মাধ্যমগুলোর খবরে প্রকাশ, রাজ্যের মুখ্যমন্ত্রী নাকি পুলিশের শীর্ষ কর্মকর্তা থেকে ও সি পর্যন্ত অফিসারদের নিয়ে দিন-রাত এক করে ১৫ ঘণ্টা দীর্ঘ বৈঠক করেছেন। মুখ্যমন্ত্রী পুলিশকে কি নির্দেশ দিয়েছেন তা জানা যায় নি, কিন্তু নাগরিকদের নিরাপত্তা দেয়া, দুর্বৃত্তদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার যে দায়িত্ব ও কর্তব্য দেশের আইন ও সংবিধান পুলিশের ওপর ন্যস্ত করেছে, পুলিশ নূনতম দায়িত্ব ও কর্তব্যও পালন করছেন না।

গত ৯ মাসের বেশি সময় ধরে বি জে পি যে একটানা সন্ত্রাস চালিয়ে যাচ্ছে রাজ্যের শান্তিপ্রিয় মানুষের কাছে তা অসহনীয় হয়ে উঠেছে। নানা প্রলোভন, উপঢৌকন, উগ্র-জাতিয়তাবাদ, সন্ত্রাসিকতার বিস ছড়িয়ে নির্বাচনে জয় হাশিল করে বি জে পি শান্তিপূর্ণ ত্রিপুরা রাজ্যটিতে হিংসা ও অশান্তির বাতাবরণ সৃষ্টি করে চলেছে ত্রিপুরার শান্তিপ্রিয়, গণতন্ত্রপ্রিয় মানুষ এ ফ্যাসিষ্ট সুলভ বর্বরতা ও অরাজক অবস্থা চলতে নিতে পারেন না।

সি পি আই (এম) রাজ্য সম্পাদকমন্ডলী পাটি অফিস ভাঙচুর, অগ্নিসংযোগ, হিংসাম্বল আক্রমণের ঘটনাগুলোর তীব্র নিন্দা ও প্রতিবাদ করেছে। সর্বস্তরের গণতন্ত্রপ্রিয় মানুষকে প্রতিবাদে সে চ্যার হওয়ার আহ্বান জানাচ্ছে। আইনের শাসন পুনঃপ্রতিষ্ঠায় পুলিশকে কঠোরভাবে তাদের সন্ত্রাস পালনের দাবি জানাচ্ছে।

সি পি আই (এম)
রাজ্য দপ্তরের পক্ষে

প্রতি
বার্তা সম্পাদক/সংবাদ প্রতিনিধি

, আগরতলা

বিবৃতিটি প্রচার/প্রকাশের জন্য পাঠানো হলো।